

যুগান্তর

শিক্ষার্থীদের সুস্থ রাখার শিক্ষাও দিতে হবে

আবদুল মতিন খসরু

প্রকাশ : ০৩ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 বুড়িচং (কুমিল্লা) প্রতিনিধি

সাবেক আইনমন্ত্রী ও কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য আবদুল মতিন খসরু বলেন, শিক্ষকরা শিক্ষার্থীদেরকে শুধু লেখাপড়া শিক্ষা দেয়ার পাশাপাশি শরীর সুস্থ রাখার কলাকৌশল শিক্ষা দিতে হবে। শিক্ষার্থীদের সুস্থ না থাকলে তাদের ভবিষ্যৎ ও লেখাপড়া অর্থহীন হবে। তাই সেদিকে লক্ষ্য রেখে শিক্ষকরা তার মেধা ও মনন দিয়ে শিক্ষার্থীদের মানসম্মতভাবে গড়ে তুলতে হবে। শনিবার বুড়িচং উপজেলার বাকশীমূল দক্ষিণপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বহুতল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে এক আলোচনা সভার প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কুমিল্লা দক্ষিণ জেলা আলীগের যুগ্মসম্পাদক, সাজাদ হোসেন স্বপনের সভাপতিত্বে অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা আলীগ নেতা জয়নাল হোসেন শামীম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বুড়িচং উপজেলা নির্বাহী কর্মকর্তা ইমরুল হাসান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবুল হাসেম খাঁন, ব্রাহ্মণপাড়া উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক, জাহাঙ্গীর খাঁন চৌধুরী, উপজেলা প্রকৌশলী অনুপ কুমার বড়-যা, বাকশীমূল ইউপি চেয়ারম্যান আবদুল করিম, নুরুল ইসলাম আবদুল হক, জামসেদুল আলম, হাজী আবু তাহের, সাবেক চেয়ারম্যান বিল্লাল হোসেন, আবুল হাসেম মেম্বার, মিজানুর রহমান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।